রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, ডিসেম্বর ২৩, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণিজ্য মন্ত্রণালয়**

**রপ্তানি-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ২৬.০০.০০০০.১০০.৪২.০১১.১৩-৩৩৬—বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ১০(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-২৬.০০.০০০০.১০০.৪২.০১১.১৩-২৮৪, তারিখ: ৩০ অক্টোবর, ২০১৬ এর মাধ্যমে পণ্যের উৎস্য, পরিমাণ ও ওজন সম্পর্কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সার্টিফিকেট অব অরিজিন (সি.ও) জারি করার জন্য বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই)-কে ৩১-১২-২০১৭ পর্যন্ত ক্ষমতা প্রদান করা হয়। উক্ত আদেশের ধারাবাহিকতায় বছর বছর অনুমোদন সাপেক্ষে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই)-কে সার্টিফিকেট অব অরিজিন (সি.ও) জারির ক্ষমতা আগামী ১ (এক) বছর অর্থাৎ ০১-০১-২০১৮ হতে ৩১-১২-২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হলো :

(ক) সি. ও ফরম গ্রহণকারী ফার্মের পূর্ণ ঠিকানা রেজিস্টারে লিপিবদ্ধ করবে;

(খ) পূরণকৃত সি. ও ফরম সংশ্লিষ্ট দলিলাদির সাথে মিলিয়ে সই ও সীলযুক্ত করে ইস্যু করবে;

(গ) ইস্যুকৃত সি. ও ফরম-এর অনুলিপি সংরক্ষণ করবে;

(ঘ) বিসিআই মহাসচিব-এর তত্ত্বাবধানে সি. ও ইস্যু করা হবে; এবং

(ঙ) মন্ত্রণালয়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাজনীন পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd